যুগান্তর

তারিখ ……
পৃষ্ঠা ২ কলাম ……

SEP 12 2002

## শামসুন্নাহার হলের ঘটনা

# সুলতানা শফিসহ ২৮ ছাত্রীকে মামলা থেকে অব্যাহতি

যুগান্তর রিপোর্ট

শামসুন্নাহার হলের ঘটনায় দায়ের করা মামলার প্রধান আসামি হলের প্রভোস্ট সুলতানা শফিসহ ২৮ ছাত্রীকে মামলা থেকে অব্যাহতি দিয়ে ফাইনাল রিপোর্ট দিয়েছে পুলিশ।

রমনা থানার এসআই পারুল খাতুন গতকাল ঢাকার সিএমএম আদালতে এই রিপোর্ট দাখিল করেন। সিএমএম মোহাম্মদ আইয়ুবের আদালত পুলিশের আবেদনের ভিত্তিতে হল প্রভোস্ট সুলতানা শফিসহ ২৮ ছাত্রীকে মামলার দায় থেকে অব্যাহতি দেন। একই সঙ্গে পুলিশের আবেদনের ভিত্তিতে বিচারক সব আসামির জামিননামা ও মুচলেকা বাতিলের আবেদন মঞ্জুর করেন।

ফাইনাল রিপোর্টে বলা হয়েছে, শামসুন্নাহার

মামলা : পৃষ্ঠা : ২ কলাম : ৬

## মামলা : সুলতানা শফি

হলে গত ২৩ জুলাই মধ্যরাতে ভাংচুর ও সাধারণ ছাত্রীদের ওপর আক্রমণের ঘটনায় হলের ২৩৫ নং কক্ষের আবাসিক ছাত্রী জান্নাতুন কানন হল প্রভোস্টসহ ২৮ ছাত্রীর বিরুদ্ধে যে অভিযোগ থানায় দায়ের করেছেন, তার কোন সাক্ষ্যপ্রমাণ পাওয়া যায়নি। ভবিষ্যতেও পাওয়া যাবে বলে মনে হয় না। মামলার এজাহারভুক্ত হল প্রভোস্ট ছাড়া যেসব ছাত্রীকে অব্যাহতি দেয়া হয়েছে তারা হলেন– সেলিনা আক্তার বানু, খালেদা ইয়াসমিন, নীলিমা আক্তার, শামীম আরা নীপা, মোর্শেদা, রোকসানা, আঞ্জুমান, মেরিনা আফরিন, মহসিনা মোবাশ্বেরা, সালমা আক্তার, উম্মে সুখেনাথ, নিগার সুলতানা, নাসরিন আক্তার, দিলরুবা হোসাইন, জিন নূরাইন, ফারহানা ইসলাম, সুমী, মমতাজ, তনুশ্রী, নীপা, সুনিয়া আক্তার, জেবা, মিলি, ডালিয়া দাস, অপসি ও লাভলী।

এর আগে মামলার বাদী জান্নাতুন কানন গতকাল রমনা থানায় তার মামলাটি প্রত্যাহারের জন্য আবেদন জানান। থানা পুলিশ তার আবেদনটি সাধারণ ডাইরি হিসাবে গ্রহণ করে মামলার চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে।